



তথ্যবিবরণী

নম্বর- ১৪৯

ভোটার তালিকা হালনাগাদ, খসড়া ভোটার তালিকা প্রকাশ ও জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত মতবিনিময় সভা

রাজশাহী; ১১ পৌষ (২৬ ডিসেম্বর):

আজ বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) সকাল ১০ টায় রাজশাহী আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি) এর সম্মেলন কক্ষে রাজশাহী বিভাগের সকল নির্বাচন কর্মকর্তা ও অতিরিক্ত জেলা প্রশাসকগণের সাথে ভোটার তালিকা হালনাগাদ, খসড়া ভোটার তালিকা প্রকাশ ও জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজশাহী বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ এর সভাপতিত্বে আঞ্চলিক নির্বাচন অফিস আয়োজিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক এ এস এম হুমায়ুন কবীর।

ভোটার তালিকা হালনাগাদকরণে সমস্যায়ুক্ত সংখ্যা বেশি নয় উল্লেখ করে প্রধান অতিথির বক্তব্যে হুমায়ুন কবীর উপস্থিত নির্বাচন কর্মকর্তাদের উদ্দেশে বলেন, ভুল তথ্যযুক্ত জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংশোধন এখন আপনাদের প্রধান চ্যালেঞ্জ। এনআইডি সংশোধনের সুযোগ দেওয়া হয়েছে বলেই নাগরিকগণ আপনাদের কাছে আসে। প্রয়োজ্য ক্ষেত্রে এনআইডি'র সংশোধন ও নতুন ভোটারদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তি নির্ভুলভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের সচেতন হওয়ার নির্দেশনা দেন।

প্রধান অতিথি আরও বলেন, সরকারী চাকুরীজীবী হিসেবে আমাদের নিজ দায়িত্বের কাজটুকু করে যেতে হবে। নিজ অফিসকে ব্র্যান্ডিং করতে হবে দক্ষতা ও সততা দিয়ে। তিনি এসময় সকল কর্মকর্তাকে জনবান্ধব হওয়ার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে রাজশাহী বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ বলেন, নির্বাচনের কাজে আমাদের প্রশাসনের সবাই কোনো না কোনোভাবে যুক্ত থাকেই। নির্বাচন অফিসের কর্মকর্তাদের সাথে আমাদের একত্রে একই সূত্রে কাজ করতে হয়। আমাদের উদ্দেশ্য একটাই আমরা সম্মিলিত প্রয়াসে একটি স্বচ্ছ নির্বাচন উপহার দিতে চাই।

স্থানীয় পর্যায়ে এনআইডি সংশোধনের সুযোগ সৃষ্টি, ভোটার তালিকা হালনাগাদ করতে প্রচারণা বাড়ানো, একাধিক জন্মনিবন্ধন সনদ তৈরির সুযোগ বন্ধ করা, আধুনিক যন্ত্রপাতি সরবরাহ, ভোটার হালনাগাদ ফরমে অপ্রয়োজনীয় তথ্য বাদ দেওয়া-সভায় অংশগ্রহণকারীরা এমন অনেক সুপারিশ উত্থাপন করলে সেগুলি বাস্তবায়নের আশ্বাস দেন মহাপরিচালক।

সভায় আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মো. দেলোয়ার হোসেন স্বাগত বক্তব্য রাখেন এবং রাজশাহী বিভাগের ভোটার সংখ্যা ও ভোটকেন্দ্রের তথ্য উপস্থাপন করেন।

.....
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৫:৩০ ঘ.